

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ পরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
চাঁপাইনবাবগঞ্জ।  
[uwaosadar.cnj@gmail.com](mailto:uwaosadar.cnj@gmail.com)

স্মারক নং- ৩২.০১.৭০০০.০০১.২৩.০০১.২৩.৬৬৯

তারিখঃ ১০/১০/২০২৩খ্রিঃ

বিষয়ঃ- ‘জয়িতা অন্বেষণে বাংলাদেশ-২০২৩’ কর্মসূচির আওতায় জয়িতার আবেদন প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সবিনয়ে জানাচ্ছি যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর প্রতি বছর “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এ কার্যক্রমের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের আশ্রয়ণ প্রকল্পের ও বিভিন্ন ক্ষেত্রের সংগ্রামী প্রতিভাবান নারীদেরকে আত্মশক্তিতে উজ্জীবিত ও অনুপ্রাণিত করে তাঁদের স্বীকৃতি ও সম্মাননা প্রদান করা হয়। ‘জয়িতা অন্বেষণে বাংলাদেশ-২০২৩’ কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য সংযুক্ত নীতিমালার আলোকে নিম্নোক্ত ক্যাটাগরীতে অবদান রেখেছেন এমন আপনার কার্যালয়ধীন কোন নারী/ কর্মসূচি সম্পৃক্ত কোন নারী/জ্ঞাত কোন উপযুক্ত নারীর নাম সংযুক্ত আবেদন ফরমের মাধ্যমে আগামী ২৫/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্যাটাগরী

০১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী। ০২। শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী। ০৩। সফল জননী নারী। ০৪। নির্যাতনের বিতীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী। ০৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী। ( নির্বাচিত প্রতিটি জয়িতার আবেদন পত্রের সহিত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙ্গীন ছবি, জাতীয় সনদ পত্রের সত্যায়িত ফটোকপি ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকতার সনদ পত্র সংযুক্ত করতে হবে)।

সংযুক্তি: জয়িতাদের আবেদন ফরম।

প্রাপক:-  
চেয়ারম্যান সকল ইউপি  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

  
(উম্মে সুমাইয়া)  
প্রোগ্রাম অফিসার  
ও  
সদস্য সচিব

‘জয়িতা অন্বেষণে বাংলাদেশ-২০২৩’ উপজেলা বাস্তবায়ন কমিটি  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর চাঁপাইনবাবগঞ্জ।
- ০৪। অফিস নথি।